


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
জুডিসিয়াল মুন্সিখানা শাখা  
কুমিল্লা  
www.comilla.gov.bd

## গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ এর স্মারক নম্বর ৪৪.০০.০০০০.০৭৯.১৮.০০১.২০১৬-৪৩৪ তারিখ ১১ অক্টোবর ২০২২ মূলে জারীকৃত পরিপত্রের অনুষ্টে ১৬ এর নির্দেশনার পরিপ্রেক্ষিতে ১৭ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠেয় জেলা পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য ও সদস্য পদে নির্বাচন এর ভোটগ্রহণ উপলক্ষে ভোটগ্রহণের আগের দিন মধ্যরাত ১২.০০টা থেকে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২.০০টা পর্যন্ত ভোটকেন্দ্রের আশেপাশের এলাকায় যান্ত্রিক যানবাহন ও নৌযান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো। একই সাথে ১৫ অক্টোবর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০টা হতে ১৮ অক্টোবর ২০২২ তারিখ সকাল ৬.০০টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

২। উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, গ্যাস, বিদ্যুৎ, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৩। উল্লিখিত নিষেধাজ্ঞাসমূহ যথাযথভাবে প্রতিপালন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ কামরুল হাসান  
জেলা ম্যাজিস্ট্রেট

ও  
রিটার্নিং অফিসার  
জেলা পরিষদ নির্বাচন, ২০২২  
কুমিল্লা  
ফোন: ০২৫৪৪০০০০১, ফ্যাক্স: ০৮১-৬০০০০  
E-mail: dccomilla@mopa.gov.bd


নম্বর : ০৫.২০.১৯০০.০১৫.১৮.০২৭.২২- ২১০১ (৫০)

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৬. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পুলিশ সুপার, কুমিল্লা
২. অধিনায়ক, ১০ বিজিবি, কোটবাড়ী, কুমিল্লা
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)/(উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), কুমিল্লা
৪. কোম্পানী কমান্ডার, র‍্যাব-১১, সিপিসি-২, শাকতলা, কুমিল্লা
৫. সিনিয়র জেলা তথ্য অফিসার, কুমিল্লা (বিজ্ঞপ্তিটি নির্বাচনী এলাকায় বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৬. উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল), কুমিল্লা (বিজ্ঞপ্তিটি নির্বাচনী এলাকায় বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. অফিসার ইন-চার্জ, ..... (সকল), থানা, কুমিল্লা
৮. সহকারী পরিচালক, বিআরটিএ, কুমিল্লা
৯. সম্পাদক/প্রকাশক, ..... পত্রিকা, কুমিল্লা (গণবিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ধারাবাহিকভাবে ৩টি সংখ্যার প্রথম পৃষ্ঠায় জনস্বার্থে বিনামূল্যে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)

  
জেলা ম্যাজিস্ট্রেট  
কুমিল্লা